

বুটেক্স ও ঢাকা পলিটেকনিকের শিক্ষার্থীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২৩:৪৫, ২৪ নভেম্বর ২০২৪; আপডেট: ০১:০৩, ২৫ নভেম্বর ২০২৪



সংঘর্ষ

রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চলে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (বুটেক্স) ও ঢাকা পলিটেকনিক্যাল ইন্সটিটিউটের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে দুই পক্ষেরই বহু কয়েকজন আহত হয়েছেন।

UNIBOTS

স্থানীয়রা জানায়, রবিবার (২৪ নভেম্বর) রাত ১০টার পর বুটেক্সের আজিজ হল ও ঢাব পলিটেকনিক্যাল ইন্সটিটিউটের লতিফ হলের শিক্ষার্থীর মধ্যে এ সংঘর্ষের সূত্রপাত হয়। তেঁ ঠিক কী নিয়ে এ সংঘর্ষ, তা এখনও জানা যায়নি।

বুটেক্সের শিক্ষক অধ্যাপক সায়েদুজ্জামান সংঘর্ষের তথ্য নিশ্চিত করেছেন। তবে সংঘর্ষে কারণ জানাতে পারেননি তিনি।

সংঘর্ষের খবরে পুলিশ সদস্যদের একটি টিম এলেও দুপক্ষের তোপের মুখে তারা সেখান থেকে কিছুটা দূরে সরে যান বলে জানিয়েছেন স্থানীয়রা।

এ ঘটনায় পুরো এলাকায় আতঙ্ক তৈরি হয়েছে। তেজগাঁও শিল্পাঞ্চলের একপাশের অংে যানবাহন চলাচল বন্ধ রয়েছে। এতে আশপাশের সড়কে যানজটের সৃষ্টি হয়েছে।